144

দৈনিক জনকণ্ঠ

তারিখ ..2 8..FEB..1998 ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# নির্যাতন ও শোষণের বিরুদ্ধে প্রাথমিক শিক্ষকদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান

**স্টাফ রিপোর্টার ॥** নির্যাতন ও শোষণের বিরুদ্ধে প্রাথমিক শিক্ষকদের ঐক্যবদ্ধ হবার আহ্বান জানিয়েছেন অধ্যাপক আবুল কালাম আজাদ। শুক্রবার বিকালে সুরিটোলা সরকারী প্রাইমারী স্কুলে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির ঢাকা মহানগরী শাখার এক কর্মিসভায় তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। উল্লেখ্য, অধ্যাপক আজাদ সংগঠনটির কেন্দ্রীয় কমিটির সভাপতি।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দীর্ঘদিনের সংগ্রামের মাধ্যমে অর্জিত অধিকার থেকে প্রাথমিক শিক্ষকদের বঞ্চিত করার জন্য চিহ্নিত মহল নতুন ষড়যন্ত্র শুরু করেছে। সমন্বয় বদলির নামে প্রাথমিক শিক্ষকদের ওপর নির্যাতন অবিলম্বে বন্ধের দাবি জানিয়ে তিনি বলেন, টাইম স্কেল ও পদোন্নতির জন্য গঠিত বর্তমান কমিটি বাতিল করে অবিলম্বে এসব সমস্যার সমাধান করতে হবে। আফতাব আহমদের সভাপতিত্বে সভায় কাজী ফজলুল হক, এসএম আলতাফ হোসেন, হারুন অর রশিদ, মনোয়ারা বেগম, নাজমা আক্তার, বিলকিস রাবেয়া, বিএম আসাদ উল্লাহ, আনোয়ার হোসেন, আব্দুর রহমান, খুরশিদা বেগম প্রমুখ বক্তব্য রাখেন।